



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮

০৭ জুন ২০২১

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২১.২১.১০৩

বিষয়: অভ্যন্তরীণ গম সংগ্রহ, ২০২১ এর আওতায় রাজশাহী বিভাগে গমের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.৫০.০০১.২১.২৩৩৮, তারিখ: ০৩/০৬/২১  
খ্রি:।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশালের স্মারক নং ১৩.০১.০০০০.০০০.৮৫.০৫০.১৭.১১২১, তাং ২৬/০৫/২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি গম সংগ্রহ ২০২১ মৌসুমে রাজশাহী বিভাগের অনুকূলে ৩৮,৫২২ মেটন গমের সংগ্রহ লক্ষ্যমাত্রা প্রদান করা হয়। লক্ষ্যমাত্রার অতিরিক্ত গম সংগ্রহের সম্ভাবনা থাকায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী সূত্রস্থ ১নং স্মারকে আরও ২০০০ মেটন গমের চাহিদা প্রদান করেছেন। অপরদিকে গমের সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার সম্ভাবনা থাকায় সূত্রস্থ ২নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ১৭৫০ মেটন গমের লক্ষ্যমাত্রা সমর্পণ করেছেন।

এমতাবস্থায়, গম সংগ্রহের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) উপধারা মোতাবেক আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে উপর্যুক্ত ২টি বিভাগের গমের সংগ্রহ লক্ষ্যমাত্রা সমন্বয় করা হলো। ২টি বিভাগের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা নিম্নের সারণিতে তুলে ধরা হলো।

ক্র: নং	বিভাগের নাম	মূল লক্ষ্যমাত্রা (মেটন)	সমর্পণকৃত লক্ষ্যমাত্রা (মেটন)	অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মেটন)	সমন্বয়ের পর স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মেটন)
১.	রাজশাহী	৩৮,৫২২	০	১৭৫০	৪০,২৭২
২.	বরিশাল	১৭৫০	১৭৫০	০	০

অতিরিক্ত প্রদানকৃত গমের লক্ষ্যমাত্রা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী সংগ্রহ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। অতিরিক্ত লক্ষ্যমাত্রার জেলাওয়ারী বিভাজন খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ, এমআইএসএন্ডএম ও অন্তর্বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৭-৬-২০২১

মোঃ রায়হানুল করীর

পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮


ইমেইল: [dproc@dgfood.gov.bd](mailto:dproc@dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২১.২১.১০৩/১(৭)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮  
০৭ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



৭-৬-২০২১

মোঃ রায়হানুল করীম  
পরিচালক